# হার্বোলেক ট্যাবলেট

কুরছ মুলাইয়েন

**বিবরণ:** হার্বোলেক একটি ইউনানী ঔষুধ যা কোষ্ঠকাঠিন্য নিরাময়ে অত্যন্ত কার্যকর।

**উপাদান :** প্রতি ট্যাবলেটে রয়েছে :

| ক্রমিক নং | উপাদান (বাংলা নাম) | বৈজ্ঞানিক নাম | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | সোনাপাতা | *Cassia angustifolia* | ১৪৩ মিগ্রা |
| ২ | মৌরি | *Foeniculum vulgare* | ৯৫ মিগ্রা |
| ৩ | মুছাব্বর | *Aloe barbadensis* | ৯৫ মিগ্রা |
| ৪ | যষ্টিমধু | *Glycyrrhiza glabra* | ৯৫ মিগ্রা |
| ৫ | ক্যালসিয়াম ফসফেট | Calcium Phosphate | ৯৫ মিগ্রা |
| ৬ | ম্যাগনেসিয়াম কার্বোনেট | Magnesium Carbonate | ৯৫ মিগ্রা |
| ৭ | গ্যাম্বুজ | *Garcinia gamgagia* | ৯৫ মিগ্রা |
| ৮ | খোরাসানী জৈন | *Hyosyamus niger* | ৪৮ মিগ্রা |

সূত্র: কুরছ মুলাইন, বা.জা.ই.ফ।

**হার্বোলেক ট্যাবলেটে ব্যবহৃত ভেষজ উপাদানগুলির ফার্মাকোলজিকাল বৈশিষ্ট্য:**

**১. সোনাপাতা:** সোনাপাতা অন্ত্রের পেরিস্টালসিস ক্রিয়াকে উদ্দীপিত করে এবং বৃহদান্ত্রে উপস্থিত মলে পানির পরিমাণ বাড়ানোর মাধ্যমে মলের গতিশীলতা বাড়ায় ও কোষ্ঠকাঠিন্য দূর করে।

**২. মৌরি:** মৌরির বীজে অ্যানিথোল, ফেনকোন এবং এস্ট্রাগোল থাকে যা অ্যান্টিস্পাসমোডিক এবং অ্যান্টি-ইনফ্ল্যামেটরি হিসেবে কাজ করে। এগুলো কোষ্ঠকাঠিন্য, বদহজম এবং পেটফাঁপা রোগের বিরুদ্ধে কার্যকর।

**৩. অ্যালোভেরা:** অ্যালোভেরার মূল উপাদান যেমন অ্যালোইন এ, অ্যালোইন বি এবং অ্যালো-ইমোডিন এগুলো কোষ্ঠকাঠিন্য দূর করতে খুব কার্যকর।

হার্বোলেক ট্যাবলেটের উপস্থিত অন্যান্য উপাদানগুলিও নতুন এবং পুরাতন কোষ্ঠকাঠিন্য দূর করতে কার্যকর ঔষুধি গুনাবলি প্রদর্শন করে।

**রোগ নির্দেশনা:** কোষ্ঠকাঠিন্য, প্রতিবন্ধকতাজনিত আন্ত্রিক বেদনা।

**সেবন মাত্রা:** দৈনিক ১-২টি ট্যাবলেট রাতে ঘুমানো সময় অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**পার্শ্ব প্রতিক্রিয়া:** কোন পার্শ্ব প্রতিক্রিয়া বা অন্য ঔষধের সাথে মিশ্র প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় নাই।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার:** গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে হার্বোলেক ট্যাবলেট ব্যবহারে তেমন কোন প্রতিবন্ধকতা নেই।

**প্রতি নির্দেশনা:** হার্বোলেক ট্যাবলেটে তেমন কোন প্রতি নির্দেশনা পরিলক্ষিত হয়নি, তবে এ ফর্মূলায় ব্যবহৃত যে কোন উপাদানের প্রতি সংবেদী রোগীর ক্ষেত্রে ইহা প্রতিনির্দেশিত।

**সংরক্ষণ:** সূর্যালোক থেকে দূরে, ঠাণ্ডা ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন।

**পরিবেশনা: হার্বোলেক ট্যাবলেট:** প্রতিটি বাক্সে রয়েছে ৫X১০টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিষ্টার প্যাকে।

IBN SINA

প্রস্তুতকারক:

**দি ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ

(ইউনানী বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।